

সংবাদ বিজ্ঞপ্তি

হুমায়ুন জহীর স্মৃতি বৃত্তি সনদ প্রদান করলেন নোবিপ্রবি উপাচার্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল প্রধান অতিথি হিসেবে হুমায়ুন জহীর স্মৃতি বৃত্তি পরীক্ষা-২০২৪ এর বৃত্তি ও সনদ প্রদান করেছেন। আজ বুধবার (২৬ ফেব্রুয়ারি ২০২৫) নোয়াখালীর নোয়া কনভেনশন সেন্টারে এ সনদ প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, শুরুতেই চক্ৰেশের গণ অভ্যুত্থানে নিহত শহিদদের আত্মার মাগফিরাত এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করছি। কোমলমতি শিক্ষার্থীদের এ অনুষ্ঠানে উপস্থিত হতে পেরে আমি আনন্দিত। ১৯৮৯ সাল থেকে শুরু হওয়া এ বৃত্তি পরীক্ষা অত্যন্ত স্বচ্ছতার সাথে পরিচালিত হয়ে আসছে। এ জন্য আপনাদের ধন্যবাদ এবং এ বৃত্তির প্রতিষ্ঠাতা হুমায়ুন জহীরকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি। আজ যারা বৃত্তি পেয়েছেন তাদের উদ্দেশ্যে বলবো, জীবনে অনেক প্রতিবন্ধকতা আসবে, শত বাধা সত্ত্বেও তোমাদের সামনে এগিয়ে যেতে হবে। এ বৃত্তি তোমাদের একটি পথ সৃষ্টি করে দিয়েছে যা ভবিষ্যতে তোমাদের পথ চলার পাথেয় হবে। একাডেমিক পড়াশোনার পাশাপাশি তোমরা সহশিক্ষা কার্যক্রমে দক্ষ হয়ে উঠবে। এতে শিক্ষার পরিবেশ সুন্দর হবে। অভিভাবকদের উদ্দেশ্যে বলবো আপনি আপনার সন্তানের জন্য শিক্ষায় বিনিয়োগ করুন। কারণ এ বিনিয়োগ কখনো বৃথা যাবে না। অভিভাবকদের দায়িত্ব সন্তানকে দেশের একজন সুনামের জন্য শিক্ষায় বিনিয়োগ করুন। সঙ্গ আমাদের শিক্ষার্থীদের মধ্যেও নৈতিকতা এবং মানবিক মূল্যবোধ গড়ে তুলতে হবে। আমরা চাই প্রতিটি শিশু যেনো প্রকৃত মানুষ হয়ে গড়ে উঠে এবং সেই পরিবেশটি আমাদের সৃষ্টি করে দিতে হবে।

বৃত্তি পরীক্ষা কমিটির চেয়ারম্যান ও অনন্ত গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক শরীফ জহীর (সিআইপি) এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মেজর জেনারেল (অব:) নিজাম আহমেদ পিএসসি, জেলা শিক্ষা কর্মকর্তা, নূর উদ্দিন মোঃ জাহাঙ্গীর, অনন্ত গ্রুপের চেয়ারম্যান ও বৃত্তি পরীক্ষার প্রধান উপদেষ্টা কামরুন নাহার জহীর, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ইসরাত নাসিমা হাবীব, নোয়াখালী সরকারী কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর কাজী মুহাম্মদ রফিক উল্লাহ ও অনন্ত গ্রুপের উপ-ব্যবস্থাপনা পরিচালক আসিফ জহীর। অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন বৃত্তি পরীক্ষার পরীক্ষা নিয়ন্ত্রক মুঃ তাজুল ইসলাম, নির্বাহী চেয়ারম্যান মকবুল আহাম্মদ ও সেক্রেটারি খালেদ আলী আহমদ।

প্রসঙ্গত, হুমায়ুন জহীর স্মৃতি বৃত্তি পরীক্ষা-২০২৪ এ মোট ৬৩৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ৪৪৫ জন মেধাবী শিক্ষার্থী বৃত্তি লাভ করেছে।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪